



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৭

২৯ নভেম্বর ২০২৩
তারিখ: -----
১৪ অগ্রহায়ণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

আমানত ও ঋণের সুদহার যৌক্তিকীকরণের নিমিত্ত ঋণ এবং আমানতের গড়ভারিত সুদহার ব্যবধান বা **Intermediation Spread** সীমা নির্ধারণ প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯; তারিখ: ৩০ মে ২০১৮ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-১১; তারিখ: ১২ জুন ২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে উৎপাদনশীল খাতসহ বিভিন্ন খাতে ঋণের সুদহার যৌক্তিক পর্যায়ে নির্ধারণের লক্ষ্যে ক্রেডিট কার্ড ও ভোক্তাঋণ ছাড়া অন্যান্য খাতে ঋণ এবং আমানতের গড়ভারিত সুদহারের ব্যবধান বা intermediation spread ৪% এর মধ্যে সীমিত রাখার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়। বিআরপিডি সার্কুলার নং-০৯; তারিখ: ১৯ জুন ২০২৩ এর মাধ্যমে ০১ জুলাই ২০২৩ তারিখ হতে ঋণের সুদহার বাজারভিত্তিক করার লক্ষ্যে, ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART (Six Months Moving Average Rate of Treasury Bill) এর সাথে নির্ধারিত মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ পদ্ধতি কার্যকর করা হয়েছে। সুদহার নির্ধারণের নতুন ব্যবস্থা বাস্তবায়নের মাধ্যমে ঋণের বাজার ভিত্তিক সুদহার নির্ধারিত হওয়ায় সুদহারের আকস্মিক উল্লেখ্য তথা অনিয়ন্ত্রিত বৃদ্ধি রোধ করা সম্ভব হয়েছে। ফলে, উৎপাদনশীল খাতসহ সকল খাতে ঋণের সুদহার যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করা সম্ভব হচ্ছে বিধায় তারল্য পরিস্থিতির বিবেচনায় ঋণের সুদহারের সাথে সামঞ্জস্য রেখে আমানতের সুদহার যৌক্তিক পর্যায়ে রাখা সম্ভব হচ্ছে। এতদপ্রেক্ষিতে, intermediation spread এর সীমা নির্ধারণের আবশ্যিকতা নেই মর্মে পরিলক্ষিত হয়।
- এক্ষণে, দক্ষ ঋণ ব্যবস্থাপনা নিশ্চিতকরণের নিমিত্ত ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণের বাজার ভিত্তিক সুদহার ব্যবস্থা প্রবর্তনের প্রেক্ষিতে বাধ্যতামূলক স্প্রেড সীমার অন্তর্নিহিত উদ্দেশ্য বাস্তবায়িত হওয়ার ফলে, ঋণ এবং আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান বা intermediation spread সংক্রান্ত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯; তারিখ: ৩০ মে ২০১৮ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-১১; তারিখ: ১২ জুন ২০১৮ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনাসহ এতদসংক্রান্ত সকল সার্কুলার/সার্কুলার লেটার এর মাধ্যমে বর্ণিত নির্দেশনা রহিত করা হলো। তবে, ব্যাংক কর্তৃক ঋণ এবং আমানতের গড়ভারিত সুদহারের ব্যবধান সংক্রান্ত রিপোর্টিং যথারীতি চলমান থাকবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) এবং ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২